

# চাকরি ফিরে পেলেন জবির জনপ্রিয় শিক্ষক নাসির উদ্দিন

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১২:২৯, ১২ আগস্ট ২০২৪



সহযোগী অধ্যাপক নাসির উদ্দিন আহমদকে পুনর্বহাল করা হয়েছে

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক নাসির উদ্দিন আহমদকে পুনর্বহাল করা হয়েছে।

UNIBOTS

রবিবার (১১ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. আইনুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক নাসির উদ্দিন আহমদের আবেদনের প্রেক্ষিতে সিন্ডিকেটের রিপোর্ট সাপেক্ষে ১১ আগস্ট, ২০২৪ তারিখ থেকে ইংরেজি বিভাগে পুনর্বহাল করা হলো।

চাকরিতে পুনর্বহাল সম্পর্কে সহযোগী অধ্যাপক নাসির উদ্দিন আহমদ বলেন, আদালতের রায়ের প্রেক্ষিতে আমার যোগদান করার কথা ১ বছর আগেই। অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির কারণে এটা বিলম্ব হয়েছে। আমার সামাজিক অবস্থানের কারণে আমাকে হেয় করা হয়েছে। মীজান সাহেবের অনৈতিকভাবে করা সব চেষ্টাই ব্যর্থ হয়েছে। আমাকে বিশ্ববিদ্যালয় ও ছাত্রদের থেকে আলাদা করতে পারেনি।